

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয়
কেশবপুর, যশোর।

অধিবেশন নং-০১/২০২২

সভার নাম : উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা কমিটির সভা।
সভাপতি : জনাব পলাশ কুমার মল্লিক, ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, কেশবপুর, যশোর।
স্থান : উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয়, কেশবপুর, যশোর।
তারিখ : ০৭/০৩/২০২২ খ্রি.

খ্রিঃ সময় : বেলা ১১-০০ ঘটিকা।


উপস্থিত সদস্যগণের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে) পরিশিষ্টঃ ক

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন ও যথাসময়ে সভায় আগমনের জন্য ধন্যবাদ জানান। তিনি অদ্যকার সভার আলোচ্যসূচী মোতাবেক সভার কার্যক্রম শুরু করার জন্য উপজেলা শিক্ষা অফিসার, অভয়নগর, যশোরকে অনুরোধ করেন।

ক্রমিক নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
১	পূর্বের সভার রেজুলেশন পাঠ ও অনুমোদন	সভায় উপজেলা শিক্ষা অফিসার, কেশবপুর, যশোর পূর্বের সভার রেজুলেশন পাঠ করে শুনান।	এ বিষয়ে সভায় আলোচনা হয়। আলোচনান্তে কোন পরিবর্তন/পরিবর্ধন ও সংশোধন না থাকায় সর্বসম্মতক্রমে গৃহিত ও অনুমোদিত হয়।
২।	বিদ্যালয়ে ফ্যান প্রদানের ব্যবস্থা গ্রহণ প্রসংগে।	উপজেলা শিক্ষা অফিসার, সভায় জানান যে, প্রচন্ড গরমে যে সকল বিদ্যালয়ে ফ্যানের স্বল্পতা আছে সে সকল বিদ্যালয়ে উপজেলা পরিষদ তহবিল হতে ফ্যান ক্রয় পূর্বক চাহিত বিদ্যালয়ে বিতরণ করা।	এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে যে সকল বিদ্যালয়ে ফ্যানের স্বল্পতা আছে সে সকল বিদ্যালয়ে উপজেলা পরিষদ তহবিল হতে ফ্যান বরাদ্দের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অত্র কমিটির সম্মানিত সভাপতি মহোদয়কে অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।
৩।	বিদ্যালয়ের মাঠে মাটি ভরাট	সভায় উপজেলা শিক্ষা অফিসার, কেশবপুর, যশোর জানান যে, কেশবপুর উপজেলার কিছু সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মাঠে মাটি ভরাট করা প্রয়োজন।	এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে যে সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মাঠে মাটি ভরাটের প্রয়োজন সে সকল বিদ্যালয়ে উপজেলা পরিষদ তহবিল হতে মাটি ভরাটের জন্য বরাদ্দের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অত্র কমিটির সম্মানিত সভাপতি মহোদয়কে অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।
৪	জরিপ ও ভর্তি সংক্রান্ত	সভায় উপজেলা শিক্ষা অফিসার, কেশবপুর, যশোর জানান যে, প্রতি বছরের শুরুতে জানুয়ারী হতে ফেব্রুয়ারী মাসের মধ্যে প্রাথমিক বিদ্যালয়ে ভর্তি ও জরিপ কার্য সম্পাদন করতে হয়।	এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে ভর্তি ও জরিপ কার্যক্রম সঠিকভাবে সম্পাদনের জন্য সহকারী উপজেলা শিক্ষা অফিসার, সকল প্রধান শিক্ষকদের নির্দেশনা প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। উপজেলা শিক্ষা অফিসার, কেশবপুর, যশোরকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।

৫	বিবিধ	উপজেলা শিক্ষা অফিসার, কেশবপুর, যশোর সভায় জানান যে, করোনা সংক্রান্ত সংক্রমণ বেড়ে শ্রাওয়ার কারণে বিদ্যালয় বন্ধ ছিল। ০২/০৩/২০২২ খ্রি: তারিখ হতে বিদ্যালয় কার্যক্রম শুরু হয়েছে। অত্র কমিটির সম্মানিত সকল সদস্যগণকে বিদ্যালয় পরিদর্শন জন্য অনুরোধ করেন।	এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে কমিটির সকল সম্মানিত সদস্যগণকে বিদ্যালয় পরিদর্শনের অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।
---	-------	---	---

অতঃপর সভায় অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



সভাপতি
উপজেলা প্রাথমিক ও
গণশিক্ষা বিষয়ক কমিটি
ও
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কেশবপুর, যশোর।

স্মারক নং:- ৩৮.০১.৪১৩৮.০০১.১২.০০১-২২/২০২২/৭

তারিখ:- ০৭/০৩/২০২২ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরিত হলো :-

- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কেশবপুর, যশোর।
- ০২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, যশোর।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, কেশবপুর, যশোর।
- ০৪। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কেশবপুর, যশোর।
- ০৫। চেয়ারম্যান, পাজিয়া ইউনিয়ন পরিষদ, কেশবপুর, যশোর।
- ০৬। চেয়ারম্যান, গৌরিঘোনা ইউনিয়ন, কেশবপুর, যশোর।
- ০৭। চেয়ারম্যান, বিদ্যানন্দকাটি ইউনিয়ন পরিষদ, কেশবপুর, যশোর।
- ০৭। অফিস নথি।


আব্দুল জব্বার সরদার
উপজেলা শিক্ষা অফিসার
কেশবপুর, যশোর।